

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -১ শাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ নূরুল আলম
যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার তারিখ : ০৯/০৬/২০২১ খ্রিঃ
সময় : সকাল: ১১.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বর্তমান সরকার বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার যে পরিকল্পনা গ্রহণ করেছে তা বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন সম্ভব। এরই ধারাবাহিকতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ইনোভেশন কর্মপরিকল্পনা গ্রহণ ও পরিচালনা করে আসছে। তিনি ইনোভেশন শোকেসিং সফলভাবে বাস্তবায়িত হওয়ায় ইনোভেশন টিম এবং শোকেসিং আয়োজক কমিটিকে ধন্যবাদ জানান। এ পর্যায়ে সভাপতি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদ কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি উপস্থাপন করেন। তিনি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচক ৯.২.১ অনুযায়ী শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের বিষয়ে পূর্বে অনুমোদিত 'গাজীপুর হাইটেক পার্ক' এর পরিবর্তে কাছাকাছি জায়গায় শিক্ষা সফরে অংশগ্রহণের ব্যাপারে মত দেন। এ ব্যাপারে এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)-এর নাম প্রস্তাব করেন। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন। এছাড়া, কর্মপরিকল্পনার ৮.১.১ সূচক অনুযায়ী ন্যূনতম ০১ (এক) টি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়নের অফিস আদেশ জারির ব্যাপারে বাধ্যবাধকতা রয়েছে। এ ব্যাপারে সদস্যদের মতামতের ভিত্তিতে ইনোভেশন শোকেসিং এ যুগ্মভাবে প্রথম স্থান অর্জনকারী "Rapid Survey Through Call on Screen Mode" এবং "অনলাইনে মাসিক কৃষি রিপোর্টসমূহ প্রেরণ, সমন্বয়করণ ও একীভূতকরণ" উদ্ভাবনী উদ্যোগদুটি চূড়ান্ত বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর সকলের প্রত্যক্ষ অংশগ্রহণে কর্মপরিকল্পনার অবশিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত পর্যালোচনা ও বিবিএস-এর কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পরিবীক্ষণ করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।

০৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- সচিব মহোদয়ের অনুমোদনক্রমে কর্মপরিকল্পনার সূচক ৯.২.১ অনুযায়ী বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)-তে শিক্ষা সফরে অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- কর্মপরিকল্পনার ৮.১.১ সূচক অনুযায়ী ইনোভেশন শোকেসিং এ যুগ্মভাবে প্রথম স্থান অর্জনকারী "Rapid Survey Through Call on Screen Mode" এবং "অনলাইনে মাসিক কৃষি রিপোর্টসমূহ প্রেরণ, সমন্বয়করণ ও একীভূতকরণ" উদ্ভাবনী উদ্যোগদুটি চূড়ান্ত বাস্তবায়নের জন্য মহাপরিচালক, বিবিএস বরাবর পত্র প্রেরণ করতে হবে।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য:

